

ছাত্রলীগের দু'নেতার ওপর হামলা বিক্ষোভ প্রতিবাদে উত্তাল রাবি ক্যাম্পাস

রাঙ্গশাধী স্মরণে

রাঙ্গশাধী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই নেতার ওপর হামলার প্রতিবাদে পৃথক মানববন্ধন, বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ কর্মসূচি পালন করেছে বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও ফোকলোর বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। জড়িতদের শাস্তির দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রলীগ। তবে পুলিশ এখনও ঘটনার সঙ্গে জড়িতদের শনাক্ত করতে পারেনি। মঙ্গলবার বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সহ-সম্পাদক আবদুল্লাহ আদ মাসুদের ভান পায়ের গোড়ালি কেটে বিচ্ছিন্ন করে দেয় মুখোশধারী 'শিবির' ক্যাডাররা। এ সময় তাঁর সঙ্গে থাকা ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় শাখার ছাত্রবৃত্তিবিসয়ক সম্পাদক টগর মোহাম্মদ সালেহ'র হাত-পায়ের রগও কেটে দেয় তারা। বুধবার সকাল ১০টার দিকে ফোকলোর বিভাগের শিক্ষার্থী ছাত্রলীগ নেতা টগরের ওপর হামলার প্রতিবাদে সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী ভবনের সামনে মানববন্ধন করেন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। সকাল সাড়ে ১০টার ইতিহাস বিভাগের শিক্ষার্থী মাসুদের ওপর হামলার প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ কলা ভবনের সামনে থেকে র্যালি বের করেন ইতিহাস বিভাগের শিক্ষার্থীরা। র্যালিটি বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে এসে মানববন্ধনে মিলিত হয়।

ছাত্রলীগের বিক্ষোভ : দুই নেতার ওপর হামলার প্রতিবাদে বেলা পৌনে ১২টার দিকে দলীয় টেন্ট থেকে বিক্ষোভ মিছিল বের করে ছাত্রলীগ। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবার দলীয় টেন্টে এসে সমাবেশে রূপ নেয়। এতে বক্তব্য রাখেন রাবি ছাত্রলীগের সভাপতি মিজানুর রহমান রানা ও সাধারণ সম্পাদক এমএম তৌহিদ আল হোসেন তুহিন। বক্তারা এ ঘটনায় জড়িত 'শিবির' ক্যাডারদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

আহত দুই নেতা পঙ্কুতে : শিবিরের হামলায় আহত রাবি ছাত্রলীগের দুই নেতা মাসুদ ও টগরকে মঙ্গলবার সন্ধ্যায় জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট থেকে ঢাকার পশু হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।